

বিজ্ঞান না ভগবান  
কোনটা মানব?  
বিজ্ঞানী না সন্ন্যাসী  
কার কথা শুনব?  
ভগবানের অমৃত বাণী  
আর বিজ্ঞানীর আবিষ্কার!  
কোনটা ছেড়ে কোনটাকে যে দিই  
সর্বদায়ী পুরস্কার।  
বিজ্ঞানীর বিরল দৃশ্য সব আর  
সন্ন্যাসীর মহৎ শিষ্য  
কেমন করে কে যে পায়  
সর্বোচ্চ শীর্ষ।  
বৃক্ষ পত্র ছাওনী না  
মস্ত ল্যাবরোটরি  
কার আগে কে যে যায়,  
হতে চায় সর্বোপরি।  
বিজ্ঞান না ভগবান  
নারি আমি বলতে কারন  
নই যে তত বুদ্ধিমান,  
প্রশ্ন তবে এটাই যে  
কে সর্বশক্তিমান?  
--- রত্নজ্যোতি চক্রবর্তী

